দৈনিক ইনকিলাব

তারিখ 04 DEC 1991
পৃষ্ঠা 2 কলাম 8

69

# গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে আজ ছাত্রদলের সভা

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে আজ বেলা ২টায় মতিঝিল শাপলা চত্বরে জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের উদ্যোগে ছাত্র-গণজমায়েতের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এতে প্রধান অতিথির ভাষণ দেবেন। এ ছাড়া বিএনপি ও ছাত্রদল নেতৃবৃন্দও এতে বক্তব্য রাখবেন। ছাত্রদলের আহবায়ক আমান উল্লাহ আমান এতে সভাপতিত্ব করবেন।

জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি ও মহানগরী শাখা এই গণজমায়েতে উপস্থিত থাকার জন্য সকলের প্রতি আহবান জানিয়েছে।

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## ছাত্র দল

প্রথম পৃষ্ঠার পর

**বিএনপির ওয়ার্ড ভিত্তিক জনসভা**

গতকাল বিকেলে ডেমরা থানাধীন ৫০ নং ওয়ার্ড শাখা বিএনপির এক জনসভা অনুষ্ঠিত হয়। এতে পূর্তমন্ত্রী ব্যারিস্টার রফিকুল ইসলাম মিঞা, সালাহ্ উদ্দিন আহমেদ এমপি প্রমুখ বক্তব্য রাখেন। শেখ মতিউর রহমান এতে সভাপতিত্ব করেন। সভায় উন্নয়ন ও উৎপাদনের রাজনীতির মাধ্যমে সরকারকে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার আহবান জানানো হয়।

**সিংগাইর থানা শাখার কমিটি গঠিত**

জনাব ডাঃ কেরামত আলীকে সভাপতি ও এডভোকেট রইচ উদ্দিনকে সাধারণ সম্পাদক করে বিএনপি'র মাণিকগঞ্জ জেলাধীন সিংগাইর থানা শাখার কমিটি গঠিত হয়েছে। গত সোমবার দ্বি-বার্ষিক কাউন্সিল ও সম্মেলনে এ কমিটি গঠিত হয়।